গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অর্থ মন্ত্রণালয়**

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**(আয়কর)**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৩ আশ্বিন, ১৪২২ বঙ্গাব্দ/০৮ অক্টোবর, ২০১৫ খ্রিস্টাব্দ

**এস,আর,ও নং ২৯৯-আইন/আয়কর/২০১৫।**—Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল আইন, ২০১০ (২০১০ সনের ৪২ নং আইন) এর ধারা ৫ এবং ৪ অনুসারে যথাক্রমে ঘোষিত এবং প্রতিষ্ঠিত অর্থনৈতিক অঞ্চলে পণ্য উৎপাদন বা সেবা প্রদানের লক্ষ্যে পরিচালিত এবং উক্ত Ordinance এর section 2 এর clause (20) অনুসারে সংজ্ঞায়িত কোন–

(ক) কোম্পানী কর্তৃক বাণিজ্যিক কার্যক্রম আরম্ভ করিবার তারিখ হইতে পরবর্তী ১০ (দশ) বৎসরের জন্য ঘোষিত লভ্যাংশের উপর,

(খ) কোম্পানীর বাণিজ্যিক কার্যক্রম আরম্ভ করিবার পর হইতে পরবর্তী ১০ (দশ) বৎসরের মধ্যে উক্ত কোম্পানীর শেয়ার হস্তান্তরের ফলে উদ্ভূত মূলধনী মুনাফার উপর,

(গ) কোম্পানীর বাণিজ্যিক কার্যক্রম আরম্ভ করিবার পর হইতে পরবর্তী ১০ (দশ) বৎসরের মধ্যে প্রদেয় Royalties, Technical know-how and technical assistance fees এর উপর, প্রদেয় আয়কর প্রদান হইতে এতদ্দ্বারা অব্যাহতি প্রদান করিল।

২। দফা (১) এ বর্ণিত অব্যাহতি প্রদানের ক্ষেত্রে সংশ্লিষ্ট কোম্পানীকে–

(ক) টি আই এন গ্রহণ করিতে হইবে; এবং

(খ) উক্ত Ordinance এর section 75 এ নির্ধারিত সময়ের মধ্যে আয়কর রিটার্ন সংশ্লিষ্ট আয়কর কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।

**ব্যাখ্যা:** এই প্রজ্ঞাপনে "বাণিজ্যিক কার্যক্রম আরম্ভ" বলিতে অর্থনৈতিক অঞ্চলে পরিচালিত কোম্পানী যে তারিখে ব্যবসা হইতে আয় প্রাপ্ত হইবে বা অর্জন শুরু করিবে সেই তারিখকে বুঝাইবে।

Bangladesh Tax Update
www.kdroy.com.bd/www.ltr.com.bd

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ নজিবুর রহমান**

সচিব ।